

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-৬ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ চৈত্র ১৪১৪ বঙ্গাব্দ/৭ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ

সূত্র : (১) সংস্থাপন বিভাগ এর অফিস স্মারক নং-RII/IC-I/72-63 তারিখ ২৫-০৫-১৯৭২।

(২) প্রতিরক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং-Pay-25/82/D-19 তারিখ ১৪-৭-১৯৮৩।

নং অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৬/২০০৭(অংশ)/৩১—সরকার প্রেষণে কর্মকালীন সময়ে সকল সামরিক/বেসামরিক সরকারি কর্মকর্তার জন্য প্রেষণ ভাতা প্রবর্তন করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত-সমূহ গ্রহণ করেছে :

- (১) সকল সরকারি (সামরিক/বেসামরিক) কর্মকর্তা প্রেষণে কর্মকালীন সময়ে মূল বেতনের ২০% প্রেষণ ভাতা প্রাপ্য হবেন।
- (২) স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) এর ক্ষতিপূরণ ভাতা, প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) এর বিশেষ গার্ড ভাতা, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) এর র‍্যাব ভাতা এবং সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে বিশেষ ভাতা যথারীতি বহাল থাকবে। এ সব ক্ষেত্রে এই প্রজ্ঞাপন দ্বারা প্রবর্তিত প্রেষণ ভাতা প্রযোজ্য হবে না।

( ২১২৭ )

মূল্য : টাকা ২.০০

- (৩) প্রেষণে নিয়োজিত সামরিক বাহিনীর কর্মকর্তাদের জন্য অর্থ বিভাগ হতে ইতিপূর্বে জারিকৃত মূল বেতনের ২০% ক্ষতিপূরণ ভাতা প্রদানের অফিস স্মারকসমূহ বাতিল করা হল। তদস্থলে উক্ত কর্মকর্তাগণ প্রেষণে কর্মকালীন সময়ে মূল বেতনের ২০% প্রেষণ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

ফজলে কবির  
অতিরিক্ত সচিব (ব্যঃ নিঃ ও প্রবিধি)।